২৮/৭/২০০৩

যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ...১৬... কলাম ...২...

# ভর্তি প্রক্রিয়া শুরু : রাজধানীর নামী কলেজগুলো বোর্ডের নিয়ম মানছে না

যুগান্তর রিপোর্ট

কলেজে ভর্তির লড়াইয়ে নেমেছে তরুণ শিক্ষার্থীরা। রাজধানীর নামি কলেজগুলোতে একাদশ শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে. বৃহস্পতিবার থেকে শুরু হয়েছে নগরীর সবচেয়ে খ্যাতনামা নটর ডেম কলেজে ভর্তি পরীক্ষা। প্রথম দিন বিজ্ঞান বিভাগ এবং দ্বিতীয় দিন- গতকাল বাণিজ্য ও মানবিক বিভাগের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কয়েক হাজার ভর্তিচ্ছু নটর ডেম কলেজের তীব্র প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ভর্তি পরীক্ষায় অংশ নেয়। প্রতিটি আসনের বিপরীতে পরীক্ষার্থীর সংখ্যা ২০ জনের বেশি। দুই ঘন্টায় ২০০ নম্বরের ভর্তি পরীক্ষা নেয়া হয়েছে। বেশির ভাগ প্রশ্ন ছিল এমসিকিউ পদ্ধতির। গতকাল সকাল ৮টা থেকে ১০টা পর্যন্ত বাণিজ্য বিভাগ এবং সাড়ে ১০টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত মানবিক বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হয়। কিন্তু গ্রেডিং পদ্ধতিতে প্রথমবারের মতো এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হওয়ার পর উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তির জন্য শিক্ষা

কলেজ : পৃষ্ঠা : ১৫ কলাম : ৫

## কলেজ : ভর্তি

(শেষ পৃষ্ঠার পর)

মন্ত্রণালয় যে নীতিমালা জারি করেছিল বেসরকারি কলেজগুলো তা মানছে না। তারা নিজেদের মতো করে ভর্তি পরীক্ষা নিচ্ছে। এ নিয়ে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক মহলে বিভ্রান্তি ও ক্ষোভের সৃষ্টি হয়েছে।

কিন্তু মেধাবী শিক্ষার্থীরা যেমন চায় ভাল কলেজে ভর্তি হতে, তেমনি অভিভাবকরাও চান সব সমস্যা মাড়িয়ে সন্তানকে ভাল প্রতিষ্ঠানে ভর্তির ব্যবস্থা করতে। শিক্ষা বোর্ডগুলো ২০০১-২০০২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তি পরীক্ষার যে নীতিমালা দিয়েছে তাতে বলা হয়েছে, এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ২০ দিয়ে গুণ দিয়ে ১০০ নম্বর মূল্যায়ন এবং ৫টি বিষয়ে ১৬ নম্বর করে ৮০ নম্বরের জন্য এক ঘন্টার ভর্তি পরীক্ষা নিতে হবে। এসএসসি পরীক্ষার চতুর্থ বিষয়ে প্রাপ্ত গ্রেড পয়েন্ট থেকে ২০ নম্বর নিতে হবে। দেশের সব কলেজকে এই নিয়ম মানার নির্দেশ দিয়েছিল শিক্ষা বোর্ডগুলো। কিন্তু নটর ডেম কলেজে তা মানা হয়নি। তারা নিজেদের মতো করে ২০০ নম্বরের ভর্তি পরীক্ষা নিয়েছে। বোর্ডগুলো নির্দেশ দিয়েছিল ভর্তি ফরম বাবদ সর্বোচ্চ ১০ টাকা এবং ভর্তি পরীক্ষার ফি বাবদ সর্বোচ্চ ৬০ টাকা নেয়া যাবে। কিন্তু নটর ডেম কলেজে ভর্তি পরীক্ষার ফি নেয়া হয়েছে ২০০ টাকা। রাজধানীর গুরুত্বপূর্ণ বেসরকারি কলেজগুলোর প্রায় সবগুলোরই একই অবস্থা।

নটর ডেম কলেজে গতকাল বাণিজ্য বিভাগের ভর্তি পরীক্ষায় ৫০ নম্বরের বাংলা, ৫০ নম্বরের ইংরেজি, ৫০ নম্বরের গণিত এবং ৫০ নম্বরের হিসাববিজ্ঞান ও ব্যবসায় পরিচিতি বিষয়ে প্রশ্ন করা হয়েছে। প্রতি বিষয়ের জন্য আধা ঘন্টা করে সময় দেয়া ছিল। পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করতে না দেয়ায় অংক করতে ভর্তিচ্ছুদের সমস্যা হয়েছে বলে তারা অভিযোগ করেছে।

ইতিমধ্যে ভিকারুননেসা, হলিক্রস, ঢাকা সিটি কলেজ, কমার্স কলেজ এবং আইডিয়াল স্কুল ও কলেজে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। ভর্তি ফরম বিতরণ শেষ হয়েছে। ঢাকা সিটি কলেজে আগামী ৯ আগস্ট পর্যন্ত আবেদনপত্র নেয়া হবে। ১৪ আগস্ট ভর্তি পরীক্ষা। মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের ভর্তি ফরম বিতরণ ২৮ জুলাই শেষ হবে। ভর্তি ফি নেয়া হবে ২০০ টাকা। ৬, ৭ ও ৮ আগস্ট বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক বিভাগের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।